

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ২০০

আরবি মূল আয়াত:

كَذَلِكَ سَلَكْنَاهُ فِي قُلُوبِ الْمُجْرِمِينَ ﴿٢٠٠﴾

অনুবাদসমূহ:

এভাবেই আমি বিষয়টি অপরাধীদের অন্তরে সঞ্চার করেছি। — আল-বায়ান

এভাবে আমি অপরাধীদের অন্তরে অবিশ্বাস সঞ্চার করেছি। — তাইসিরুল

এভাবেই আমি পাপীদের অন্তরে অবিশ্বাস সঞ্চার করেছি। — মুজিবুর রহমান

Thus have We inserted disbelief into the hearts of the criminals. — Sahih International

২০০. এভাবে আমরা সেটা অপরাধীদের অন্তরে সঞ্চার করেছি। (১)

(১) এ আয়াতের কাছাকাছি আয়াত সূরা আল-হিজারের ১২ নং আয়াতেও এসেছে। সেখানে এর অর্থ বর্ণনা করা হয়েছে। মূলতঃ অনেকেই এর অর্থ এভাবে বর্ণনা করেছেনঃ “আমরা এভাবে মিথ্যা প্রতিপন্ন করা, কুফরী করা, অস্বীকার করা এবং সীমালঙ্ঘন করাকে অপরাধীদের অন্তরে প্রবেশ করিয়ে দেই, তারা হক্ক এর প্রতি ঈমান আনবে না।” আরবী ভাষায় (سَلَكَ) শব্দের অর্থ হচ্ছে কোন জিনিসকে অন্য জিনিসের মধ্যে ঢুকিয়ে দেয়া, অনুপ্রবেশ করানো, চালিয়ে দেয়া বা গলিয়ে দেয়া। যেমন সুইয়ের ছিদ্রে সূতো গলিয়ে দেয়া হয়। কাজেই এ আয়াতের অর্থ এটাও হতে পারে যে, অপরাধীদের অন্তরে এ কুরআন বারুদের মত আঘাত করে এবং তা শুনে তাদের মনে এমন আগুন জ্বলে ওঠে যেন মনে হয় একটি গরম শলাকা তাদের বুকে বিদ্ধ হয়ে এফোড় ওফোড় করে দিয়েছে। সুতরাং তারা এটা সহ্য করতে পারবে না, এর উপর ঈমানও আনবে না। [দেখুন: ফাতহুল কাদীর]

তাহসীলে জাকারিয়া

(২০০) এভাবেই আমি অপরাধিগণের অন্তরে তা (অবিশ্বাস) সঞ্চার করেছি। [১]

[১] سَلَكَ (তা) ১ (ত) সর্বনাম দ্বারা কুফরী, মিথ্যা, অবিশ্বাস ও বিরুদ্ধাচরণের প্রতি ইঙ্গিত করা হয়েছে।

তাহসীলে আহসানুল বায়ান